

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট: www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.৩০৪.১৮-৫৪১

তারিখঃ ১২/০৬/২০১৮খ্রিঃ

বিষয় : নওগাঁও জেলার আত্রাই উপজেলাধীন সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে নিয়োগ প্রাপ্ত জনাব মোঃ মোহন আলী প্রভাষক(উদ্যোক্তা উন্নয়ন) এর নিয়োগ বোর্ডে ডিজি প্রতিনিধি, বোর্ড প্রতিনিধি এবং বিষয় বিশেষজ্ঞগণের স্বাক্ষর জালিয়াতি প্রসংগে।

সূত্র : ১। জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, নওগাঁর স্মারক নং ৩৭.০২.৬৪০০.০০০.৩১.০৮৭.১৮.২৪৮/১ তারিখ ৩০/০৪/১৮খ্রিঃ।
২। সাহেবগঞ্জ টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের স্মারক নং সাটেবিম্যাক-১৫/২০১৮ তারিখ ১৪/০৪/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিয়োগ প্রাপ্ত উদ্যোক্তা উন্নয়ন বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোহন আলীর একটি এমপিওভুক্তির আবেদন আপনি গত ১৩/০৬/২০১৮খ্রিঃ ৬৩৯/১৮ ডকেট মূলে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেন। আবেদন যাচাই বাছাই করে দেখা যায় গত ৩০/১/২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নিয়োগ বোর্ডের রেজুলেশন ও মূল টেবুলেশন শীট অনুযায়ী ডিজি প্রতিনিধি হিসেবে জনাব মুঃ আমিনুল ইসলাম, চীফ ইনস্ট্রাক্টর (কম্পিউটার), নওগাঁ পলিটেকনিক ইন্সটিটিউট, নওগাঁ বোর্ড প্রতিনিধি হিসেবে জনাব ড. মোল্যা মোঃ কলিম উদ্দিন অধ্যক্ষ, নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজ, নওগাঁ এবং বিষয় বিশেষজ্ঞ হিসেবে জনাব এ. এইচ. এম. মাহফুজুল ইসলাম সরদার, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ, নওগাঁ সরকারী কলেজ, নওগাঁ উপস্থিত ছিলেন। উক্ত নিয়োগের মূল টেবুলেশন শীট যাচাই করে দেখা যায় নিয়োগ বোর্ডের ডিজি প্রতিনিধি, বোর্ড প্রতিনিধি এবং বিষয় বিশেষজ্ঞদের স্বাক্ষর সন্দেহজনক এবং সঠিক নয়।

২। এমপিও নীতিমালার ২০১০ (৪ ফেব্রুয়ারী, ২০১০- এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(১) এর (ঘ) ধারা মোতাবেক “এমপিওভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিওর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে” মর্মে বিধান রয়েছে।

৩। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানে কর্মরত জনাব মোঃ মোহন আলী, প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) এর নিয়োগ এবং মূল টেবুলেশন শীটে উল্লিখিত ০৩জন কর্মকর্তার সন্দেহজনক/জাল স্বাক্ষরযুক্ত এমপিও আবেদন প্রেরণের কারণে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ সহ বেতন ভাতা স্থগিত করা হবে না তার সুস্পষ্ট ব্যাখ্যা যথাযথ প্রমাণকসহ আগামী ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

অধ্যক্ষ
সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
আত্রাই উপজেলা, নওগাঁও।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.৩০৪.১৮-৫৪১(০৬)

তারিখঃ ১২/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব(কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সজ্ঞাপতি, সাহেবগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, আত্রাই উপজেলা, নওগাঁও।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।